কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ

# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



হলি ডে হোম বুকিং



দর্শনীয় ভ্রমণের জায়গা-
**হোটেল :**- তারাপীঠ, দিঘা ,পুরী।
**বাগান বাড়ি :**- খেজুরি-পূর্ব মেদিনীপুর।
বুকিং এর জন্য যোগাযোগ করুন "**এই যুগ**" অফিসে।
ফোন নং: 9062867921।



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 26 JANUARY 2026 ,MONDAY | ২৬ জানুয়ারি ২০২৬ ,সোমবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-57


## বিজেপির সভামঞ্চ ভাংচুর করে আগুন ধরিয়ে দেওয়ার অভিযোগ উঠল বেহালার সখের বাজারে



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, কলকাতা ,২৫ জানুয়ারি : প্রজাতন্ত্র দিবসের একদিন আগে বেহালার সখের বাজারে বিজেপির সভামঞ্চ ভাংচুর করে আগুন ধরিয়ে দেওয়ার অভিযোগ উঠল দুষ্কৃতিদের বিরুদ্ধে। ঘটনাটি ঘটেছে রবিবার সন্ধ্যায়। এত জনবহুল এলাকায় এই রকম ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। ভারতীয় জনতা যুব মোর্চার রাজ্য সভাপতি ডাঃ ইন্দ্রনীল খাঁ অভিযোগ করেছেন , রাজ্যের শাসকদলের আশ্রিত দুস্কৃতিকারীরা এই কাণ্ড টি ঘটিয়েছে । আসন্ন বিধানসভা নির্বাচনে নিজেদের পরাজয়ের আতঙ্কে এই কাজটি করেছে তারা।

## এসআইআর কারনে একশো ছাব্বিশ জনের মৃত্যু হয়েছে , ক্ষোভ প্রকাশ মেয়রের




নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ২৫ জানুয়ারি : এস আই আর এর নামে সাধারন মানুষকে হয়রানি করা হচ্ছে এই অভিযোগে রবিবার শিলিগুড়িতে তৃণমূলের প্রতিবাদ ও বিক্ষোভ মিছিলে মেয়র গৌতম দেব। মিছিলে অংশ গ্রহন করে শিলিগুড়ি পৌর নিগমের মেয়র গৌতম দেব বলেন অপরিকল্পিত ও অমানবিক এস আই আর এর কারনে এপর্যন্ত একশো ছাব্বিশ জনের মৃত্যু হয়েছে। এস আই আর এর নামে সাধারন মানুষকে চরম হয়রানি করা হচ্ছে এর বিরুদ্ধে প্রতিবাদ ও বিক্ষোভ মিছিল আয়োজিত হয়। এদিন শিলিগুড়ির হাতিমোড় থেকে মিছিল শুরু হয়ে বিভিন্ন পথ পরিক্রমা করে শহরের পাকুড়তলা মোড়ে এসে মিছিল শেষ হয়। মিছিল থেকে এই অমানবিক এস আই আর এর বিরুদ্ধে স্লোগান দেওয়া হয়। উপস্থিত ছিলেন শিলিগুড়ি পৌর নিগমের ডেপুটি মেয়র রঞ্জন সরকার, শিলিগুড়ি জলপাইগুড়ি উন্নয়ন পর্ষদের চেয়ারম্যান দিলীপ দুগার সহ অন্যান্য নেতৃত্ব।

## জাতীয় ভোটার দিবস উদযাপিত হলো আলিপুরদুয়ার জেলা প্রশাসনের উদ্যোগে




সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার,২৫ জানুয়ারি : আলিপুরদুয়ার জেলা প্রশাসনের উদ্যোগে রবিবার জেলা প্রশাসনের মুখ্য কার্যালয় ডুয়ার্স কন্যায় উদযাপিত হলো জাতীয় ভোটার দিবস। এদি উপলক্ষ্যে জেলার ই আর ও, এ ই আর ও এবং বি এল ও দের সম্বর্ধনা জ্ঞাপন করা হয়। জাতীয় ভোটার দিবস উপলক্ষ্যে আয়োজিত হয় বসে আঁকো, স্লোগান লিখন ও বিতর্ক প্রতিযোগিতা। এই তিনটি প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থানাধিকারীদের পুরস্কৃত করা হয় জেলা নির্বাচন দপ্তরের পক্ষ থেকে। জেলা নির্বাচন আধিকারিক তথা আলিপুরদুয়ার এর জেলাশাসক আর বিমলা জানান আমার ভারত আমার ভোট এই স্লোগানকে সামনে রেখে রবিবার রাজ্যের প্রতিটি জেলা,মহকুমা ও ব্লক স্তরে জাতীয় ভোটার দিবস উদযাপন করা হয় রাজ্য মুখ্য নির্বাচন কমিশনার এর নির্দেশে। এদিন আলিপুরদুয়ার জেলা প্রশাসনের উদ্যোগেও দিনটি উদযাপন করা হয়েছে। উপস্থিত ছিলেন জেলা প্রশাসন ও জেলা নির্বাচন দপ্তরের আধিকারিকগন সহ কর্মীগন।

## বন দপ্তরের পাতা ট্র্যাপ ক্যামেরায় দেখা মিললো এক জোড়া কালো চিতার



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ২৫ জানুয়ারি : বন দপ্তরের পাতা ট্র্যাপ ক্যামেরায় ধরা পড়লো বিরল এক জোড়া কালো চিতাবাঘের ছবি। কার্শিয়াং এর জঙ্গলে পাতা ট্র্যাপ ক্যামেরায় বিরল এই কালো চিতাবাঘ দুটিকে ঘুরে বেড়াতে দেখা গেছে। রবিবার ছবিটি সোস্যাল মিডিয়ায় পোস্ট করে বন দপ্তরের কার্শিয়াং বিভাগের পক্ষ থেকে জানানো হয় দুদিন আগে একটি বিরল কালো চিতার ছবি ক্যামেরায় ধরা পড়েছিলো। এদিন একসাথে দুটি বিরল কালোচিতার ছবি ধরা পড়ায় বন দপ্তরের কর্তা সহ কর্মীরা যার পর নাই আনন্দিত। বন দপ্তর সূত্রে জানানো হয়েছে জৈবিক কারনেই সাধারন চিতাবাঘ কালো রঙের হয় তবে এই ঘটনা বিরল। এদের রঙ কালো হলেও চিতাবাঘের সমস্ত বৈশিষ্ট্য এদের মধ্যে বর্তমান। আবহাওয়া ও পরিবেশগত কারনে এই রঙের পরিবর্তন ঘটে। বিরল জোড়া কালো চিতাবাঘের উপস্থিতি প্রমান করে কার্শিয়াং এর জঙ্গলে এই বিরল শ্রেনীর কালো চিতাবাঘের জন্য উপযুক্ত পরিবেশ বর্তমান।

# এক নালা বন্দুক উদ্ধার কে ঘিরে চাঞ্চল্য আলিপুরদুয়ারে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৫ জানুয়ারি : আলিপুরদুয়ার জেলা শহরের ১৮ নম্বর ওয়ার্ডে একটি পরিত্যক্ত বাড়ি থেকে একনালা বন্দুক উদ্ধার হয়েছে এমনটাই জানা গেছে রবিবার বিকেল তিনটে নাগাদ। তবে সেটি পাখি মারার বন্দুক নাকি মানুষ মারার বন্দুক তা এখনো স্পষ্ট নয়। প্রশাসনিক কর্তারা বন্দুকটি বাজেয়াপ্ত করেছে। বন্দুক উদ্ধারের ঘটনা প্রকাশ হতেই সাধারণ মানুষের মধ্যে শোরগোল পড়ে গেছে। বেলা সাড়ে দশটা নাগাদ একটি পরিত্যক্ত বাড়ির সীমানার বেড়া লাগাতে গিয়েই বন্দুকটি নজরে পড়ে কাজ করতে আসা ব্যক্তিদের। এরপরই তারা বাড়ির মালিককে জানালে বাড়ির মালিক বিষয়টি প্রশাসনকে জানায়।

# চোরাই কাঠ সহ পিকআপ ভ্যান আটক



মলয় দেবনাথ ,এই যুগ, আলিপুরদুয়ার ,২৫ জানুয়ারি : গোপন খবরের ভিত্তিতে কাঠ সহ পিকআপ ভ্যান আটক করল বনদপ্তরের কর্মীরা। পিকআপ ভ্যানে করে সারের বস্তার আড়ালে চলছিল চোরাই কাঠ পাচার। অভিযান চালিয়ে চোরাই কাঠ পাচার রুখে দিল বন বিভাগ। বাজেয়াপ্ত করা হয়েছে চোরাই জারুল কাঠের দু'টি লগ বোঝাই পিকআপ ভ্যানটি। তবে কাউকে গ্রেফতার করতে পারেনি বন বিভাগ। জানা গিয়েছে, গোপন সূত্রের খবরের ভিত্তিতে শনিবার রাতে কুমারগ্রাম ব্লকের চড়াইমহল এলাকায় অভিযান চালায় বন বিভাগের কামাখ্যাগুড়ি মোবাইল (ইস্ট) রেঞ্জ। রেঞ্জ অফিসার রাজকুমার শাহ'র নেতৃত্বে একটি পিক-আপ ভ্যানটির পিছু ধাওয়া করেন বনকর্মীরা। চড়াইমহল এলাকায় পিক-আপ ভ্যান চালক গাড়ি ছেড়ে পালিয়ে যায়। উপরে ও নিচে সারের বস্তা রেখে মাঝখানে চোরাই জারুল কাঠের দু'টি লগ বোঝাই করা হয়েছিল পিকআপ ভ্যানে। চোরাই কাঠ বোঝাই পিক-আপ ভ্যানটি বাজেয়াপ্ত করে কামাখ্যাগুড়ি মোবাইল (ইস্ট) রেঞ্জ অফিসে আনা হয়েছে। ঘটনার তদন্ত শুরু করেছে বন বিভাগ।

# শাবক কে নিয়ে দুটি হাতি রইল জনবহুল এলাকায় সারাদিন



মলয় দেবনাথ ,এই যুগ, আলিপুরদুয়ার ,২৫ জানুয়ারি : আলিপুরদুয়ার জেলার এক নং ব্লকের দক্ষিণ পাটকাপাড়ায় শাবক সহ দুটি হাতি রবিবার ভোরে লোকালয়ের মাঝে আটকে পরে দিনের আলো ফোটাতে।হাতির শাবক টি ক্লান্ত হওয়াতেই বিশ্রাম নেবার জন্যে হাতি গুলি একটি চা বাগানের মাঝে আশ্রয় নেয়।সারাদিন হাতি দুটি শাবক সহ ঠাঁয় দাঁড়িয়ে থাকে একই জায়গায়, বন দপ্তরেরর নিমতি রেঞ্জ এর বনকর্মীরা সকাল থেকেই ঘটনাস্থলে উপস্থিত ছিলেন, পরে নিমাতি রেঞ্জের রেঞ্জার সুদীপ্ত চৌধুরী ঘটনাস্থলে এসে হাতি গুলিকে সুরক্ষিত ভাবে লোকালয় থেকে বার করে জঙ্গলে ফেরত পাঠাবার আপ্রাণ চেষ্টা করতে থাকেন। ধনদপ্তরের বিভিন্ন কর্মকর্তা এবং আলিপুরদুয়ার পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়ে পরিস্থিতির ওপর সারাক্ষণ নজর রাখছিল।বার চারেক ব্যর্থ প্রচেষ্টার পর সন্ধ্যা প্রায় ৫.৩০ নাগাদ হাতিগুলো নিজের থেকেই গ্রাম থেকে বেরিয়ে বনে প্রবেশ করে। প্রায় ১২ ঘণ্টা পর হাতি গুলো জঙ্গলে ফিরলে গ্রামবাসীরা স্বস্তির নিঃশ্বাস ফেলেন।

# পাচারের আগেই গ্রেপ্তার এক ,উদ্ধার দশটি গরু



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার, ২৫ জানুয়ারি : রবিবার সন্ধ্যায় কুমারগ্রাম ব্লকের ভল্কা-বারবিশা ২ নম্বর পঞ্চায়েতের পূর্ব শালবাড়ি এলাকা থেকে গরু বোঝাই একটি পিক-আপ ভ্যান বাজেয়াপ্ত করল বারবিশা ফাঁড়ির পুলিশ। পিক-আপ ভ্যানে ১০টি গরু রয়েছে। সেগুলি পাচার করা হচ্ছিল বলে গোপন সূত্র মারফত পুলিশ জানতে পারে। এরপর পুলিশ অভিযান চালিয়ে গরু সহ পিক-আপ ভ্যানটি বাজেয়াপ্ত করে। গরু পাচারের অভিযোগে গ্রেফতার করা হয় পিক-আপ ভ্যানের চালককে। ধৃতের বিরুদ্ধে নির্দিষ্ট ধারায় মামলা দায়ের করা হবে বলে পুলিশ জানিয়েছে। উল্লেখ্য, অসম-বাংলা সীমানা এলাকায় গ্রামের পথ ব্যবহার করে গরু-মোষ পাচার করা হয়। এই অভিযোগ দীর্ঘদিন ধরেই রয়েছে। রাতের অন্ধকারে গাড়িতে করে গরু-মোষ নিয়ে যাওয়া হয় সংকোশ নদীর তীরে। এরপর নদীপথে গরু-মোষ অসমে পাচার করা হয়। এদিন পুলিশের অভিযানে গরু পাচারের ছক ভেস্তে যায়। বারবিশা পুলিশ ফাঁড়ির ওসি জগৎজ্যোতি রায় বলেন, 'পিক-আপ ভ্যান থেকে ১০টি গরু বাজেয়াপ্ত করা হয়। চালককে গ্রেফতার করা হয়েছে। ঘটনার তদন্ত চলছে।'

# পর্যটন কেন্দ্রে যাওয়ার কালভার্ট ভাঙ্গা ,ফিরে যাচ্ছেন পর্যটকরা



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৫ জানুয়ারি : কালভার্ট ভাঙ্গা দীর্ঘদিন ধরে পর্যটকরা যেতে পারছে না পর্যটন কেন্দ্রে। রাজ্যের মুখ্যমন্ত্রী যখন উন্নয়নের জন্য কোটি কোটি টাকা ঢেলে দিচ্ছেন ঠিক সেই সময়ে গ্রাম পঞ্চায়েত দপ্তর কিংবা আলিপুরদুয়ার দু'নম্বর ব্লক প্রশাসনকে জানিয়ে ভাঙ্গা কালভার্ট সংস্কার হচ্ছে না, এমনটাই অভিযোগ উঠেছে শাসকের দলের গ্রাম পঞ্চায়েত সদস্যের কাছ থেকেই রবিবার বেলা তিনটা নাগাদ। আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের মাঝের দেবর গ্রাম পঞ্চায়েতের উত্তর পানিয়ালগুড়ি এলাকার মূল রাস্তার উপর কোনভাবে দাঁড়িয়ে আছে কালভার্ট টি। স্থানীয় তৃণমূল নেতা অঞ্চল সভাপতি হর গোপাল বর্মন জানান এই কালভার্টের বেহাল অবস্থা নিয়ে একাধিকবার বিভিন্ন দপ্তরে লিখিত আবেদন জানানো হলেও আজ পর্যন্ত কোনো রকম মেরামতির কাজ হয়নি। উত্তর পানিয়াল গ্রুপ পঞ্চায়েত সদস্যরা জানান গত চার থেকে পাঁচ বছর ধরে কালভার্টি এই বেহাল অবস্থায় পড়ে রয়েছে একাধিকবার গ্রাম পঞ্চায়েত দপ্তর এবং বিডিও অফিসে লিখিতভাবে বিষয়টি জানানো হল এখনো পর্যন্ত কোনো সংস্কার হয়নি। যেকোনো সময় ভেঙ্গে পড়বে কালভার্ট দুর্ঘটনা ঘটার অপেক্ষায় আছে প্রশাসনিক কর্তারা।

# স্কুটি দুর্ঘটনায় মৃত্যু দুই জনের




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৫ জানুয়ারি : বিরসা মুন্ডার জন্মজয়ন্তী অনুষ্ঠান থেকে ফেরার পথে স্কুটি দুর্ঘটনায় মৃত্যু হয়েছে দুজনের একজনকে পাঠানো হয়েছে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে চিকিৎসার জন্য ।ঘটনাটি ঘটেছে শনিবার রাত বারোটা নাগাদ আলিপুরদুয়ার হাতিপোতা রাজ্য সড়কের কার্তিকা এলাকায়। মৃত্যুর দুই যুবকের নাম শাখি খালকো বয়স ২৪ বছর এবং তুলসী মুন্ডা বয়স ২৮ বছর । অপরদিকে গুরুতর জখম যুবকের নাম কুলদীপ খালকো। শনিবারে বিরসা মুন্ডার জন্মজয়ন্তী অনুষ্ঠান ছিল কার্তিকা এলাকায়। একই স্কুটিতে করে তিনজন যাওয়ার সময় কোন গাড়ি তাদের ধাক্কা মেরে রাস্তায় ফেলে দিয়ে যায়। রাতে টহলদারি পুলিশ তাদেরকে উদ্ধার করার পর হাসপাতালে নিয়ে আসে এবং চিকিৎসক মৃত বলে ঘোষণা করে। তাদের মৃত্যুতে শোকোস্তব্ধ হয়ে পড়ে এলাকা।

# ময়নাগুড়িতে এসআইআর এর আতঙ্কে এক ব্যক্তির মৃত্যু ,অভিযোগ পরিবারের



সুস্মিতা রায়, এই যুগ, ময়নাগুড়ি, ২৫ জানুয়ারি : এসআইআর আতঙ্ক! জলপাইগুড়ি জেলার ময়নাগুড়িতে এক ব্যক্তির হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যুর অভিযোগ উঠেছে। ঘটনাকে কেন্দ্র করে ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে ময়নাগুড়ি ব্লকের খাগড়াবাড়ি দুই গ্রাম পঞ্চায়েতের টেকাটুলি এলাকায়। জানা গিয়েছে, মৃত ব্যক্তির নাম নিবাস সরকার (৫৮)। অভিযোগ উঠেছে, পেশায় টোটো চালক নিবাস সরকার বেশ কিছুদিন ধরেই এসআইআর নিয়ে আতঙ্কিত ছিলেন। অভিযোগ, তার একমাত্র ছেলে অনিক সরকারকে শুনানিতে ডাকা হয়েছে। ছেলের কি হবে, এই নিয়ে কিছুদিন থেকে আতঙ্কগ্রস্ত ছিলেন তিনি। এদিকে নিবাস সরকার ও তার স্ত্রী চিন্তামণি সরকারের ভোটের ফটো নেই। কিন্তু অনিক সরকারের ভোটার কার্ড এবং পাসপোর্ট সহ সকল কাগজপত্র রয়েছে। তা সত্য ছেলের শুনানিতে নাম রয়েছে এই বিষয় নিয়ে কিছুদিন ধরেই তিনি প্রচণ্ড চিন্তিত ছিলেন বলে পরিবারের দাবি। তিনি খাওয়া দাওয়া সঠিকভাবে করছিলেন না। শনিবার হঠাৎ করেই তিনি স্থানীয় এলাকার একটি হোটেলের সামনে পড়ে যান। সন্ধ্যার পর তিনি তার পরিবারের লোকজনদের জানান তার শারীরিক অসুস্থতা বোধ করছে। এরপর তাকে ময়নাগুড়ি একটি চিকিৎসকের কাছে নিয়ে গেলে তিনি তাকে জলপাইগুড়ি হাসপাতালে নিয়ে যাওয়ার পরামর্শ দেয়। পরবর্তীতে তাকে জলপাইগুড়ি সুপার স্পেশালিটি হাসপাতালে ভর্তি করা হলে, রাতে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত বলে ঘোষণা করে। এই ঘটনার পর কান্নায় ভেঙ্গে পড়েছে পরিবারের লোকজন। বাকরুদ্ধ হয়ে পড়েছেন তার স্ত্রী। ছেলে অনিক সরকার বলেন, বাবা ও মায়ের ভোটের ফটো নেই। কিন্তু আমার ভোটের ফটো থেকে শুরু করে পাসপোর্ট ও মাধ্যমিক পাশের সার্টিফিকেট রয়েছে। আমাকে শুনানিতে ডাকা হয়েছে। সেই বিষয় নিয়ে বাবা চিন্তা শুরু করেছিলেন। এসআইআরের কারণে আমার বাবার হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে বলে অভিযোগ।

# জোর করে চাঁদা তোলায় গ্রেফতার তিনজন




মলয় দেবনাথ, এই যুগ ,আলিপুরদুয়ার ,২৫ জানুয়ারি : গ্রেপ্তার করা হয়েছে তিন জনকে। রবিবার ভাটিবাড়ী ফাঁড়ির অধীন শিমুলতলা এলাকায় রাজ্য সড়কে গাড়ি আটকে কীর্তনের চাঁদা তুলছিল তিন যুবক। ভাটিবাড়ি ফাঁড়ির টহলরত পুলিশ ঘটনাস্থল থেকে ওই তিন যুবক কে গ্রেপ্তার করে। ভাটিবাড়ী রোড ফাঁড়ির ওসি দীপঙ্কর গোস্বামী জানান, আইন ভেঙে চাঁদা তোলার অভিযোগে তিনজনকে গ্রেফতার করা হয়েছে। তাদের বিরুদ্ধে ব্যক্তিগতভাবে মামলা করা হয়েছে।

# মাদক তৈরির কারখানায় অভিযান পুলিশের,উদ্ধার দুই কেজি চারশো গ্রাম ব্রাউন সুগার গ্রেপ্তার পাঁচ



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, মালদহ, ২৫ জানুয়ারি : মালদহ জেলা পুলিশের কালিয়াচক থানার পুলিশ শনিবার রাতে অভিযান চালিয়ে দুই কেজি চারশো গ্রাম ব্রাউন সুগার উদ্ধার করে ও পাঁচ জনকে গ্রেপ্তার করে। রবিবার জেলা পুলিশ সুপার অভিজিৎ বন্দোপাধ্যায় সাংবাদিক সম্মেলন করে জানান শনিবার রাতে পুলিশ গোপন সুত্রে খবর পায় যে থানা এলাকার শেরসাহী মহেশপুরের একটি আমও লিচু বাগানে কয়েকজন ব্যক্তি মাদক তৈরি সহ বিক্রির কারবার চালাচ্ছে। খবর পেয়ে পুলিশ অভিযান চালায় ও একটি স্টিলের পাত্রে রাখা সাদা কাপড়ে ঢাকা অবস্থায় হলুদ রঙের ভেজা পদার্থ উদ্ধার করে। আটক করে পাঁচ জনকে। আটক ব্যক্তিরা পুলিশের কাছে স্বীকার করে তারা ওখানেই মাদক ব্রাউন সুগার তৈরি করছিলো বিক্রির কারবার চালাচ্ছিলো। পুলিশ আটক ব্যক্তিদের গ্রেপ্তার করে এবং উদ্ধার করা সামগ্রী বাজেয়াপ্ত করে। ধৃতরা হলো (১) মোহম্মদ তসলিম শেখ (৫৯) পিতা মৃত সামসের শেখ, (২) মোহম্মদ আবদুল্লা শেখ (২৬) পিতা মোহম্মদ তসলিম শেখ, (৩) রাজীব শেখ (২৩) পিতা হাজিকুল শেখ, (৪) মোহম্মদ তাজেল শেখ পিতামৃত ইরফান শেখ এরা সকলেই কালিয়াচক থানার শেরশাহী এলাকার নয়াগ্রাম মহেশপুরের বাসিন্দা, (৫) মুরসেলিম পিতা খালেদ কালিয়াচক থানার ইমান জাগীর গ্রামের বাসিন্দা। ধৃতদের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করা হয়েছে। মাদক উদ্ধার, বাজেয়াপ্ত ও গ্রেপ্তারি পর্ব এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে সম্পন্ন করা হয়েছে বলে জানিয়েছে পুলিশ। ধৃতদের আদালতে পেশ করে পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে পুলিশ।

# পাহাড় তরাই ও ডুয়ার্সের প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন বিজেপির লক্ষ্য ,পরিবর্তন সংকল্প সভায় বললেন সাংসদ



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, জলপাইগুড়ি, ২৫ জানুয়ারি : জলপাইগুড়ি জেলার নাগরাকাটা বিধানসভা এলাকার আদিবাসী চর্চা কেন্দ্রে রবিবার আয়োজিত হয় বিজেপির পরিবর্তন সংকল্প সভা। এদিনের সভায় প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন দার্জিলিং এর সাংসদ রাজু বিস্ত। তিনি তার বক্তব্যে বলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে কেন্দ্রের বিজেপি সরকার সারা দেশের প্রান্তিক জন গোষ্ঠীগুলির উন্নয়নে কাজ করে চলেছে কিন্তু পশ্চিমবঙ্গের পাহাড়, তরাই ও ডুয়ার্সে এই উন্নয়ন ব্যহত হচ্ছে রাজ্যের শাসক দলের অসহযোগিতায়। কেন্দ্রের সরকার নতুন শ্রম আইন জারী করেছে যার ফলে পাহাড় তরাই ও ডুয়ার্সের চা শ্রমিকরা তাদের উচ্চতর মজুরী, উন্নত জীবন যাত্রা ও উপযুক্ত কাজের পরিবেশ লাভ করবেন। কেন্দ্র সরকার জাতীয় সড়ক, রেল ও বিমান পরিবহনে প্রচুর বিনিয়োগ করে চলেছে উন্নত যোগাযোগ ব্যবস্থা গড়ে তুলে দেশের সারতবিক উন্নয়ন এর লক্ষ্যে। জি রাম জি প্রকল্পে গ্রামীন মানুষদের বছরে একশ পঁচিশ দিনের কাজ নিশ্চিত করা হয়েছে। কেন্দ্রের সরকার সব কা সাথ সবকা বিকাশ নীতিতে বিশ্বাসী। এই নীতিতে উন্নয়ন কে সুনিশ্চিত করার লক্ষ্যে পাহাড় তরাই ও ডুয়ার্সের বাসিন্দারা আসন্ন বিধানসভা নির্বাচনে পুনরায় বিজেপিকেই জয়ী করবেন এই আশা ব্যক্ত করে সাংসদ তার বক্তব্য শেষ করেন। উপস্থিত ছিলেন বিজেপির জলপাইগুড়ি জেলা নেতৃত্ব, নাগরা কাটা ও কালচিনির বিধায়ক গন সহ অন্যান্যরা।

# প্রজাতন্ত্র দিবসের আগে অসম-বাংলা সীমানায় কড়া পুলিশি নজরদারি



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার, ২৫ জানুয়ারি : সোমবার ভারতের প্রজাতন্ত্র দিবস। বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে দেশজুড়ে প্রজাতন্ত্র দিবস পালিত হবে। প্রজাতন্ত্র দিবসের আগে অসম-বাংলা সীমানায় কড়া নিরাপত্তা জারি করা হয়েছে। অসম-বাংলা সীমানার পাকরিগুড়ি নাকা পয়েন্টে অসমের দিক থেকে আসা সব যানবাহন দাঁড় করিয়ে তল্লাশি চালাচ্ছে বারবিশা ফাঁড়ির পুলিশ। পুলিশের সঙ্গে ডিআইবি'র আধিকারিক-কর্মীরা স্নিফার ডগ নিয়ে তল্লাশি চালাচ্ছে। পাকরিগুড়ি নাকা পয়েন্ট ছাড়াও অসম-বাংলা সীমানার সংকোশ রেল সেতুতে চালানো হচ্ছে নজরদারি। এছাড়াও হাট-বাজার, বাসস্ট্যান্ড, রেলস্টেশনের মতো জনবহুল স্থান গুলিতে চলছে তল্লাশি। এক কথায় প্রজাতন্ত্র দিবসের আগে অসম-বাংলা সীমানায় কড়া নজরদারি জারি রেখেছে পুলিশ। কোনও অশান্তি বা অপ্রীতিকর ঘটনা রুখতে আগেভাগে সতর্কতা অবলম্বন করা হয়েছে পুলিশের তরফে।

# শিশু ও নারীদের সুরক্ষায় আলিপুরদুয়ার জেলা পুলিশের পিঙ্ক পুলিশ পেট্রল এর সূচনা




সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ২৫ জানুয়ারি : শিশু ও নারীদের সুরক্ষায় আলিপুরদুয়ার জেলা পুলিশের উদ্যোগে রবিবার থেকে চালু হলো পিঙ্ক পুলিশ পেট্রল। জেলা পুলিশ সুপার খন্ডবাহলে উমেশ গণপত সবুজ পতাকা দেখিয়ে এদিন এই কর্মসূচির সুচনা করেন। পুলিশ সূত্রে জানা গেছে প্রশিক্ষিত মহিলা পুলিশ আধিকারিক সহ মহিলা পুলিশ কনস্টেবলরা এই টিমে থাকবেন ও পিঙ্ক গাড়ীতে বা স্কুটিতে চড়ে শহরের সর্বত্র নজরদারি চালাবেন। কোথাও সমস্যা দেখলে তারা সাথে সাথে জেলা পুলিশ কন্ট্রোল রুমের সাথে যোগাযোগ করবেন যাতে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে যেতে পারে। নারী ও শিশুদের সুরক্ষা নিশ্চিত করে নিরাপদ সমাজ গড়ার লক্ষ্যে এই উদ্যোগ বলে জানিয়েছে পুলিশ। উপস্থিত ছিলেন জেলা পুলিশের আধিকারিকগন সহ পুলিশ কর্মীরা।

EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |